অতি গোপনীয়

কারা অধিদপ্তর, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
নিরাপত্তা শাখা-৩

নং স্বঃমঃ (নিরা-৩)/বিবিধ-১১/২০০৭/৩৪৭ তারিখঃ ৬/৩/০৮

বিষয় ঃ- **চিকিৎসাকালীন সময়ে কারাগারে অন্তরীণ ডিটেন্যুদের অনুমোদনবিহীন সাক্ষাত।**

গোয়েন্দা সংস্থার প্রতিবেদন হতে জানা যায় যে, কারাগারে অন্তরীণ ডিটেন্যুদের চিকিৎসার জন্য হাসপাতালে আনা হলে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতি ছাড়া ডিটেন্যুরা তাদের আত্মীয়-স্বজন ও অন্যদের সাথে সাক্ষাত করে আলাপ আলোচনা ও কথাবার্তা বলে থাকেন ।

২। ভবিষ্যতে এ বিষয়ে সতর্ক দৃষ্টি রাখাসহ অনুমোদনবিহীন কোন ব্যক্তির সাথে ডিটেন্যুদের সাক্ষাত সম্পূর্নভাবে নিবৃত্তির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করতে নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সংযুক্তি ঃ- ০১ ফর্দ।

৬/৩/২০০৮
উপ-সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। পরিচালক, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় হাসপাতাল।
৩। মহা-পুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
৪। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।

কারা অধিদপ্তর, ঢাকা।

স্মারক সংখ্যা পিডি/পরি-ডি-৫/২০০৮/১০৫৩(৭১) তারিখঃ ১১-৩-২০০৮ খ্রিঃ

অনুলিপি সংযুক্তিসহ অবগতি ও বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ হ'ল ঃ

১। কারা উপ-মহা পরিদর্শক, সকল বিভাগ, সকল বিভাগীয় দপ্তর।
২। সিনিয়র তত্ত্বাবধায়ক, সকল কেন্দ্রীয় কারাগার।
৩। তত্ত্বাবধায়ক, সকল জেলা কারাগার ।

( মোঃ মিজানুর রহমান )
সহকারী কারা মহা পরিদর্শক (প্রশাসন)
পক্ষে- কারা মহা পরিদর্শক ।

স্মারক সংখ্যা পিডি/পরি-ডি-৫/২০০৮/১০৫৩(৭১)/১ তারিখঃ ১১-৩-২০০৮ খ্রিঃ

অনুলিপি অবগতির জন্য সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, স্বরাষ্ট্র মন্ত্রণারয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ অতিরিক্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণারয় ) এর বরাবরে প্রেরণ হ'ল।

( মোঃ মিজানুর রহমান )
সহকারী কারা মহা পরিদর্শক (প্রশাসন)
পক্ষে- কারা মহা পরিদর্শক ।

৫৬

<u>গোপনীয়</u>

বিষয় ঃ <u>নারায়ণগঞ্জ কারাগার হতে বিএসএমএমইউ হাসপাতালে চিকিৎসার জন্য এসে ডিটেন্যু-৫/০৮ সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী এয়ার ভাইস মার্শাল (অবঃ) আলতাফ হোসেন চৌধুরী অনুমতি ব্যতিরেকে তার স্ত্রী ও আত্মীয়-স্বজনের সাথে সাক্ষাত প্রসঙ্গে।</u>

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানা যায় যে, অদ্য ২৫-০২-০৮ তারিখ ১২.২৫ ঘটিকায় নারায়ণগঞ্জ কারাগার হতে পুলিশ প্রহরায় ডিটেন্যু-৫/০৮ সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী এয়ার ভাইস মার্শাল (অবঃ) আলতাফ হোসেন চৌধুরী বিএসএমএমইউ হাসপাতালে চিকিৎসার জন্য এসে এ ব্লকের ৪র্থ তলায় ডেন্টাল বিভাগের ডাক্তার মোঃ মজিবুর রহমান হাওলাদার এর কক্ষে চিকিৎসা নিয়ে ১৩.৪৫ ঘটিকায় বিএসএমএমইউ হাসপাতাল হতে নারায়ণগঞ্জ কারাগারের উদ্দেশ্যে পুলিশ প্রহরায় রওয়ানা হয়ে যান।

তিনি ডাক্তারের কক্ষে প্রবেশ করার পূর্বেই তার স্ত্রী এবং জামাল নামে অপরিচিত এক ব্যক্তি উক্ত ডাঃ মজিবুর রহমান হাওলাদের কক্ষে অবস্থান করতে ছিল। চিকিৎসা নেয়ার সময় ডিটেন্যুর স্ত্রী ও জামাল অনুমান ০১ ঘন্টাব্যাপী তার সাথে দেখা সাক্ষাত ও আলাপ আলোচনা করেন। এছাড়া তিনি চিকিৎসা শেষে ডাক্তারের কক্ষ হতে বের হয়ে যাওয়ার সময় হাসপাতালের করিডোরে হাটতে হাটতে তার বোন ও ভাগিনার সাথে কথাবার্তা বলেন।

অনুসন্ধান করে জানা যায়, ডিটেন্যু-৫/০৮ সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী এয়ার ভাইস মার্শাল (অবঃ) আলতাফ হোসেন চৌধুরীর অদ্য ২৫-০২-০৮ তারিখ বিএসএমএমইউ হাসপাতালে তার স্ত্রী, বোন, ভাগিনা ও জামাল এর সাথে দেখা সাক্ষাতের সরকারী কোন অনুমতি ছিল না।

<u>গোপনীয়</u>

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা।

স্মারক নং সকামপ(উঃ)/২০০৬/৩ (৬৬)                    তারিখঃ- ১১/৯/২০০৬ ইং।

প্রেরকঃ- কারা মহা পরিদর্শক,
বাংলাদেশ, ঢাকা।

প্রাপকঃ- সিনিয়র জেল সুপার/তত্ত্বাবধায়ক
সকল
-------------------- কেন্দ্রীয়/জেলা কারাগার।

বিষয়ঃ- দেখা- সাক্ষাতের মালামাল প্রধান ফটকের মাধ্যমে প্রবেশ প্রসংগে।

কারা বিভাগে প্রচলিত প্রথা অনুসারে বন্দীর সাথে সাক্ষাতের সময়, বন্দীদের আত্মীয় স্বজন সাক্ষাৎ কক্ষের ভিতর দিয়ে মালামাল প্রদান করে থাকেন। কিন্তু সাক্ষাৎকার কক্ষে দর্শনার্থীদের ভিড়ে মালামাল সঠিক ভাবে তল্লাশী করা সম্ভব হয় না। ফলে অনেক অবৈধ দ্রব্যাদি (নেশাজাতীয়-দ্রব্য, রান্নাকরা খাবার, কোমল পানীয় ইত্যাদি) কারা অভ্যন্তরে হরহামেশা প্রবেশ করে, যা কারাগারের নিরাপত্তার জন্য হুমকি স্বরূপ।

দীর্ঘ দিনের এই প্রথা পরিবর্তন করে এখন হতে বন্দীর আত্মীয় স্বজন কর্তৃক প্রদেয় মালামাল যথাযথ তল্লাশি করতঃ বন্দীর নাম ঠিকানা এবং মালামালের তালিকাসহ প্রধান ফটকের মধ্য দিয়ে বন্দীর নিকট পৌছান নিশ্চিত করার জন্য নির্দেশ দেয়া হ'ল।

মোঃ জাকির হাসান
ব্রিগেডিয়ার জেনারেল
কারা মহা পরিদর্শক, ঢাকা।

খা, আমীন,
=======ই

## দরখাস্তের নমুনা

বরাবর
সিনিয়র তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক
কেন্দ্রীয়/জেলা কারাগার ..........................।

**বিষয় ঃ হাজতী/কয়েদী/ডিভিশন আসামীর সহিত সাক্ষাতের আবেদন।**

জনাব,

বিনীত নিবেদন এই যে,আমার নিম্নলিখিত আত্মীয় ..........................................বর্তমানে ..................কারাগারে আটক আছেন । সাংসারিক/মামলা সংক্রান্ত বিষয়ে আলাপ আলোচনার জন্য তাহার সাথে সাক্ষাৎ করা একান্ত প্রয়োজন ।

অতএব,জনাবের সমীপে প্রার্থনা, যাহাতে আমি তাহার সাক্ষাৎ করিতে পারি তাহার আদেশ দানে মর্জি হয় ।

| হাজতী/কয়েদী/ডিভিশন্ আসামীর পরিচয় | নিবেদক/নিবেদিকা |
|---|---|
| নাম ........................................................ | নাম........................................................... |
| পিতার নাম ................................................ | পিতার নাম ................................................ |
| গ্রাম ........................................................ | গ্রাম ........................................................ |
| উপজেলা ................................................... | উপজেলা .................................................. |
| জেলা ...................................................... | জেলা ....................................................... |

সাক্ষাতের অনুমতি দেওয়া যাইতে পারে।

অনুমোদিত/অননুমোদিত

জেলার/ডেপুটি জেলার
................কারাগার।

সিনিয়র সুপার/সুপার

এতদভিন্ন কারাগার কর্তৃপক্ষকে নিম্নলিখিত বিষয়াদি প্রতিপালন ও নিশ্চিত করতে হবে ঃ-

(১) বন্দীদের দেখার রেজিষ্টার ও হিস্ট্রি টিকেট সংরক্ষণ করতে হবে । উক্ত রেজিষ্টারে সাক্ষাৎকারীর নাম,ঠিকানা,সম্পর্ক,তারিখ ও সময়সহ গৃহিত দ্রব্যাদির নাম লিপিবদ্ধ করতে হবে।

(২) নির্দিষ্ট সময়ের জন্য সুনির্দিষ্ট কারারক্ষীকে দেখার স্লিপ লেখার দায়িত্বে নিয়োজিত করতে হবে। যাতে স্লিপ লেখার টাকার নেওয়ার বা অন্যকোন অভিযোগ হলে দায়ী ব্যক্তিকে সনাক্ত ও তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যায় ।

(৩) অনুর্দ্ধ ২০ জনের এক একটি গ্রুপ বন্দীদেরকে সাক্ষাৎকার কক্ষে নিতে হবে এবং দেখা শেষে একই সাথে বন্দীকে ও দর্শনার্থীদের বের করে অন্য গ্রুপকে নিতে হবে ।

(৪) রিজার্ভ গার্ড দেখার স্লিপ লিখতে পারবেন না এবং রিজার্ভ গার্ড নিয়ন্ত্রন করবে জেলার স্বয়ং ।

(৫) রাইটারগণ কোন অবস্থাতেই দর্শনার্থীদের সঙ্গে যোগাযোগ স্থাপন করতে পারবেন না ।

উপরোক্ত নির্দেশাবলী কঠোর ভাবে অনুস্বরণ করতে হবে । ইহা অনুস্বরণে ব্যর্থ কর্মকর্তা কর্মচারীদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে । সকল সিনিয়র সুপার ও জেলারগণ উক্ত আদেশ যথাযথ ভাবে প্রতিপালিত হচ্ছে কিনা উহা নিশ্চিত করবেন ।

প্রাপ্তি স্বীকার করতে বলা হ'ল ।

২২/১১/০৬

**মোঃ জিল্লুর রহমান**
ব্রিগেডিয়ার জেনারেল
কারা মহা পরিদর্শক ।

স্মারক নং পিডি/পরি-১০/২০০৩/২৭০৩/১(৫৪) তারিখঃ ২২ -১১-২০০৩ খ্রিঃ

অনুলিপি অবগতির জন্য কারা উপ-মহা পরিদর্শক সকল বিভাগ বরাবরে প্রেরণ করা হ'ল এবং উপরোক্ত নির্দেশাবলী প্রতিপালন সম্পর্কে তদারকি করতে অনুরোধ করা হ'ল ।

(মোঃ আমান উল্লাহ সরদার )
কারা উপ মহা পরিদর্শক(সঃ দঃ)
পক্ষে- কারা মহা পরিদর্শক ।

FILENAME Pory-200

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা।

স্মারক সংখ্যা পিডি/পরি-১০/২০০৯/ ১৭৫৯ (৭১) তারিখ ঃ ১৮-৬-২০০৯ খ্রিঃ

বিষয় ঃ **কারা বন্দীদের সাথে আত্মীয়-স্বজনদের দেখা-সাক্ষাৎ প্রসঙ্গে**

সূত্র ঃ এ অধিদপ্তরের স্মারক সংখ্যা-
ক। পিডি/পরি-১০/২০০৩/১৭০৩(৬৬), তারিখ ১১-১১-২০০৩ খ্রিঃ
খ। সকামপ(উঃ)/২০০৬/৩১(৬৬), তারিখ ১১-০৯-২০০৬ খ্রিঃ
গ। পিডি/পরি-৯/২০০৮/১২৯৯(৭১), তারিখ ৩০-০৩-২০০৮ খ্রিঃ
ঘ। পিডি/পরি-১০/২০০৯/৮৩২(৭১), তারিখ ১০-০৩-২০০৯ খ্রিঃ

১। বিশ্বস্থ সূত্রে জানা যাচ্ছে যে, কারা বন্দীদের আত্মীয়-স্বজনের সহিত দেখা-সাক্ষাতের ব্যাপারে জেল কোড এবং এ অধিদপ্তরের সূত্রোক্ত "ক" স্মারকে বিস্তারিত নির্দেশনা থাকলেও তা যথাযথ অনুসরণ করা হচ্ছে না। কারা বিধি লংঘন করে জেল সুপার অথবা জেলার কর্তৃক বন্দীদের আত্মীয়-স্বজনের সাথে দেখা-সাক্ষাতের সুযোগ করে দেয়া হচ্ছে। এ অধিদপ্তরের " গ " সূত্রোস্থ স্মারকের মাধ্যমে এ ব্যাপারে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণের নির্দেশ থাকা সত্ত্বেও এ ধরণের ঘটনার পুনরাবৃত্তি কোনভাবেই গ্রহণযোগ্য নহে।

২। এখন থেকে এ ব্যাপারে কারা বিধি-বিধান ও এ অধিদপ্তর কর্তৃক জারীকৃত নির্দেশনাসমূহ যথাযথ অনুসরণের জন্য পুনরায় কঠোরভাবে বলা হ'ল। ইহার ব্যত্যয় ঘটলে বা শৈথিল্যের প্রমান পাওয়া গেলে দায়ী কর্মকর্তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সকলকে অবগত করার জন্য পুনঃ নির্দেশ প্রদান করা হ'ল।

মোঃ আশরাফুল ইসলাম খান
কর্ণেল
অতিরিক্ত কারা মহা পরিদর্শক
পক্ষে- কারা মহা পরিদর্শক।
☎ ৭৩০০২২২ (দপ্তর)।

১। সিনিয়র কারা তত্ত্বাবধায়ক
সকল কেন্দ্রীয় কারাগার।

২। কারা তত্ত্বাবধায়ক
সকল জেলা কারাগার।

অনুলিপিঃ
অবগতি ও নির্দেশনা বাস্তবায়ন তদারকির জন্য।

কারা উপ মহা পরিদর্শক
সকল বিভাগ, বিভাগীয় দপ্তর
ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর।

Pory-33-09(N)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা

স্মারক নং-পিডি/আইন/এমইটি-২/২০০৯/ ১০২৭ (৬৬) তারিখ ১৪ -৯-২০০৯ খ্রিঃ

প্রেরক ঃ কারা মহা পরিদর্শক
বাংলাদেশ,ঢাকা।

প্রাপক ঃ সিনিয়র তত্ত্বাবধায়ক
সকল কেন্দ্রীয়/ জেলা কারাগার।

বিষয় ঃ **বন্দীদের দেখা-সাক্ষাতের সময় তল্লাশী কার্যক্রম জোরদার করণ প্রসংগে।**

গত ২৯-৫-২০০৯ ইং তারিখে ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগারের কারারক্ষী নং ১২৯০৫ মোঃ রফিকুল ইসলাম ও সিআইডি কারারক্ষী নং ১১৫৭২ মোঃ আঃ কাদির কর্তৃক কারাগারে আটক বিডিআর সদস্যদের মালামালের ভিতর অবৈধভাবে চিঠি পাচার করার অভিযোগ তদন্তে প্রমানিত হওয়ায় তাদের বিরুদ্ধে আইনানুগ যথাযথ ব্যবস্থা গ্রহন করা হচ্ছে। ভবিষ্যতে এ ধরনে ঘটনা প্রতিরোধ কল্পে নিম্নোক্ত নির্দেশনা জারী করা হলো।

ক। বন্দীদের সহিত দেখা সাক্ষাত ও বৈধ মালামাল সরবরাহকালে তল্লাশী কার্যক্রম আরো জোরদার করণ ;

খ। ভবিষ্যতে কারাগার সমূহে যাতে এ ধরণের ঘটনার পুনরাবৃত্তি না হয় তার জন্য অধিক সতর্কতা অবলম্বন করণ।

২। অতএব উপরোল্লিখিত নির্দেশনা আপনার কারাগারে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীকে দরবার/রোল কলে অবহিত করতঃ স্বচ্ছ এবং জবাবদিহিমূলক কারা প্রশাসন পরিচালনার জন্য নির্দেশ প্রদান করা হলো।

সৈয়দ ইফতেখার উদ্দীন
কর্ণেল
অতিরিক্ত কারা মহা পরিদর্শক
পক্ষে- কারা মহা পরিদর্শক।

স্মারক নং-পিডি/আইন/এমইটি-২/২০০৯/ /১(৪) তারিখ ১৭ -৯-২০০৯ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনে জন্য কারা উপ মহা পরিদর্শক সকল বিভাগ ,সকল সদর দপ্তর এর বরাবরে প্রেরণ করা হ'ল। উপরোল্লিখিত নির্দেশনা যাতে যথাযথভাবে প্রতিপালিত হয় সে ব্যাপারে তদারকি করা জন্য অনুরোধ করা হল।

সৈয়দ ইফতেখার উদ্দীন
কর্ণেল
অতিরিক্ত কারা মহা পরিদর্শক
পক্ষে- কারা মহা পরিদর্শক।

Ak-521(k)

খালেদ,
=====ই*, ২৫.২.০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কারা অধিদপ্তর**
৩০/৩ উমেশ দত্ত রোড,
বকশী বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

স্মারক নং-৪৪.০৭.০০০০.০২৮.০৫.০০১.২০১৪- ৮০১

তারিখ ঃ ২৮ কার্তিক ১৪২১ বঙ্গাব্দ
১০ নভেম্বর ২০১৪ খ্রিস্টাব্দ

বিষয় ঃ **কারাগারে আটক বন্দীদের দেখা সাক্ষাতের সময় উপস্থিত গোয়েন্দা সংস্থার সদস্যদের সংশ্লিষ্ট রেজিষ্টারে স্বাক্ষর গ্রহণ**

সরকার কর্তৃক বিভিন্ন সময়ে প্রদত্ত নির্দেশনা মোতাবেক ঢাকা কেন্দ্রীয় কারাগারসহ বিভিন্ন কারাগারের আটক টপটেরর, বিভিন্ন জঙ্গী গোষ্ঠীর সদস্য ও অন্যান্য গুরুত্বপূর্ণ বন্দীদের দেখা সাক্ষাতের সময় এসবি, ডিবি, এনএসআই ইত্যাদি গোয়েন্দা সংস্থার সদস্যগণ উপস্থিত থাকেন। বিভিন্ন সূত্র থেকে জানা যায় যে, দেখা সাক্ষাতের সময় উপস্থিত থাকলেও গোয়েন্দা সংস্থার সদস্যদের সংশ্লিষ্ট রেজিষ্টারে নিয়মিত স্বাক্ষর গ্রহণ করা হচ্ছে না। এ কারণে পরবর্তীতে কোন বন্দীর সাক্ষাত নিয়ে প্রশ্নের উদ্ভব হলে, গোয়েন্দা সংস্থার সদস্যগণের উপস্থিতির বিষয়টি নিশ্চিত হওয়া যায়না। এতে নানারকম জটিলতার সৃষ্টি হয়।

২। এমতাবস্থায়, এখন থেকে বন্দীদের দেখা সাক্ষাতের সময় উপস্থিত বিভিন্ন গোয়েন্দা সংস্থার সদস্যদের সংশ্লিষ্ট রেজিষ্টারে স্বাক্ষর গ্রহণ নিশ্চিত করতে অনুরোধ করা হলো। গোয়েন্দা সংস্থার কোন সদস্য স্বাক্ষর করতে অস্বীকৃতি জানালে তাৎক্ষণিকভাবে তা নিম্নস্বাক্ষরকারীকে অবগত করতে হবে।

টিপু সুলতান
কারা উপ-মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক।
ফোনঃ ৭৩০০৪০০ (দপ্তর)

**কার্যার্থে প্রেরণ**

১। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ।
২। সিনিয়র জেল সুপার, সকল কেন্দ্রীয় কারাগার।
৩। জেল সুপার, সকল জেলা কারাগার।

**অনুলিপি**

সিনিয়র সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃঃ আঃ যুগ্ম সচিব, কারা।

Asad-Interview